দৈনিক ইত্তেফাক

তারিখ AUG 1 0 1999
পৃষ্ঠা ৪ কলাম ৪

43

# প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক নিয়োগ প্রসঙ্গে

প্রাথমিক বিদ্যালয় ছাত্র জীবনের ভিত্তি। উন্নতমানের পাঠদান এসব বিদ্যালয়ে শিক্ষক-শিক্ষিকার দায়িত্ব। অথচ প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকা নিয়োগে রহিয়াছে ব্যাপক বৈষম্য। বর্তমান নিয়মে এস,এস,সি পাস একজন মহিলার সাথে প্রতিযোগিতা করিতে হইলে একজন পুরুষকে হইতে হইবে স্নাতক পাস। তাহা হইলে কি বলিতে হইবে মেয়েদের এস,এস,সি পাসের সমান ছেলেদের ডিগ্রী? কেন এ বৈষম্য? এস,এস,সি পাস একজন মহিলার শিক্ষার মান আর স্নাতক পাস একজন পুরুষের শিক্ষার মানে যে পার্থক্য থাকিবে তাহা অস্বীকার করার কোন উপায় নাই। আর এ বৈষম্য যদি চলিতে থাকে প্রাথমিক শিক্ষার মান উন্নয়নের জন্য যত চেষ্টাই করা হউক তাহা কখনো সফল হইবে না।

যেহেতু একই পোষ্ট, একই বেতন, সেহেতু উভয়ের শিক্ষাগত যোগ্যতা একই হওয়া উচিত। সরকারী/বেসরকারী প্রতিষ্ঠানে শিক্ষক-কর্মচারী নিয়োগে প্রাথমিক বিদ্যালয়ের মত শিক্ষাগত যোগ্যতার বৈষম্য অন্য কোথাও পরিলক্ষিত হয় না।

তাই মাননীয় প্রধানমন্ত্রী ও শিক্ষামন্ত্রীর নিকট বিনীত অনুরোধ, প্রাথমিক বিদ্যালয়ে ৬০% মহিলা নিয়োগের সিদ্ধান্ত ঠিক রাখিয়া শিক্ষাগত যোগ্যতা পুরুষ এবং মহিলার ক্ষেত্রে সমান নির্ধারণ করা হউক।

মোঃ জাফর আলম,
প্রদর্শক,
কর্ণফুলী কলেজ, কাপ্তাই।